আলমডাঙ্গা পৌরসভার উদ্যোগে ফুটপাত অবৈধ দখল মুক্ত অভিযান

আলমডাঙ্গা পৌরসভার সুযোগ্য জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট শেখ মেহেদী ইসলাম আলমডাঙ্গা পৌর এলাকায় ফুটপাত দখলমুক্ত অভিযান পরিচালনা করেন।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে এই অভিযান পরিচালনা কালে আলমডাঙ্গা হলুদপটিতে ফুটপথ ও ড্রেনের উপর রাখা বিভিন্ন মালামাল জব্দ করেন এবং সকলকে ফুটপাথ ও ড্রেনের উপর কোন ব্যাবসায়ীদের মালামাল না রাখার জন্য নির্দেশ প্রদান করেন। সেই সাথে যত্রতত্র মোটর সাইকেল, পাখি ভ্যান, আলমসাধু পার্কিং না করার জন্য পথচারী, ব্যাবসায়ীগন ও গাড়ী চালকদের পরামর্শ দেন এবং পরিচ্ছন্ন ও যানজটমুক্ত নগর গড়ে তোলার প্রত্যাশায় সকলের সহযোগীতা কামনা করেন।

পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম জানিয়েছেন, এই উদ্যোগ এককালীন নয়, বরং ধারাবাহিকভাবে চলতে থাকবে। প্রধান সড়ক, সোনাপট্টি সড়ক, হলুদ পট্টি, মাছবাজার এবং আলিফউদ্দিন রোড এলাকায় এই কার্যক্রম পরিচালিত হয়েছে। অভিযানের সময় অবৈধভাবে পার্কিং করা পাখিভ্যান জব্দ করা হয় এবং রাস্তার উপর রাখা দোকানের মালামালও সরিয়ে নেওয়া হয়।

আলমডাঙ্গা পৌর বাজারে ফুটপাত দখলমুক্ত অভিযানে অগ্রণী ভূমিকা রাখছেন প্রশাসক শেখ মেহেদী ইসলাম। পথচারীদের চলাচল নির্বিঘ্ন করতে আলমডাঙ্গা পৌরসভা বাজারে শুরু হয়েছে ফুটপাত দখলমুক্ত অভিযান। পৌর প্রশাসক শেখ মেহেদী ইসলামের নেতৃত্বে বাজার এলাকায় শৃঙ্খলা ফিরিয়ে আনার কার্যক্রম ইতিমধ্যেই সাধারণ মানুষের প্রশংসা কুড়িয়েছে। সুস্থ ও সুন্দর নগর জীবনের জন্য এ উদ্যোগকে সবাইকে সহযোগিতা করার আহ্বান।

আলমডাঙ্গায় ইয়াবাসহ এক যুবক গ্রেফতার

আলমডাঙ্গায় পনেরো পিস ইয়াবাসহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

থানা সূত্রে জানা গেছে, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাসুদুর রহমান, পিপিএম এর নেতৃত্বে এসআই (নিঃ) পবিত্র মন্ডল, বড়গাংনী পুলিশ তদন্ত কেন্দ্র, আলমাডাঙ্গা থানা ও সংগীয় ফোর্সসহ থানা এলাকায় গ্রেফতারি পরোয়ানা তামিল ও মাদকদ্রব্য উদ্ধার অভিযানে বের হন।

গোপন সংবাদের ভিত্তিতে গত শনিবার রাত ১০টা ১৫ মিনিটে নান্দবার মাঠপাড়া গ্রামের জনৈক মৃগেল সাহার ফাঁকা জমির সামনে ইটের সলিং রাস্তা থেকে মোঃ ফজলুল হকের ছেলে মোঃ নাজমুল হক (৩৯) কে পনেরো পিস ইয়াবা ট্যাবলেটসহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেট জব্দ তালিকামূলে জব্দ করা হয়েছে। এ ঘটনায় গতকাল সোমবার আলমডাঙ্গা থানায় একটি মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদায় বিনামূল্যে সার ও বীজ বিতরণ

২০২৫-২৬ ইং অর্থ বছরে খরিপ-২ মৌসুমে দামুড়হুদা উপজেলার প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে মাষকলাই চাষ বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এই বীজ ও সার বিতরণ করা হয়।

এবার উপজেলার ৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার ১১০ জন প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে বিনামূল্যে ৫ কেজি মাষকলাই (বারি-৩ জাত) বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, ইউনিয়ন ব্লক সুপার ভাইজারসহ সুবিধা ভোগী প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক – কৃষাণীবৃন্দ।

দর্শনা পৌর বিএনপি’র সম্বনয়ক ইয়াবাসহ আটকের ৪ ঘন্টা পর মুক্ত

চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র নেতৃত্বে অভিযান চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ দর্শনা পৌর বিএনপি’র সম্বনয়ককে আটক করছে।

জানা গেছে, গতকাল সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র নেতৃত্বে দর্শনা ক্যাম্পের বিজিবি অভিযান চালায় দর্শনা পুরাতন বাজার টুকু মিয়ার ‘স’ মিলের সামনের দর্শনা-মুজিবনগর সড়কের পাকা রাস্তার উপর।

এ সময় দশর্না মুজিবনগর সড়কের উপর থেকে তাকে আটক করে। পরে তার মোটরসাইকেলের সিটের নিচ থেকে ৪০ পিচ ইয়াবা উদ্ধার করে। এ ঘটনায় স্থানীয় গণ্যমান্য লোকজন তার এ আটকের ঘটানাটি ষড়যন্ত্রমুলোক বলে তাঁকে ছেড়ে দিতে বিজিবি’র কাছে আবেদন করলে ৪ ঘন্টা ধরে বিজিবি ব্যাপক তদন্ত শেষে তাকে ছেড়ে দেন।

এ বিষয়ে চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্ণেল নাজমুল হাসান জানান, দশর্নার স্থানীয় নেত্রীবৃন্দ বিষয়টি ষড়যন্ত্রমুলোক ভাবে, কে বা কাহারা ফাঁসাতে এমনটি করেছে বলে জানান। এরপরও ব্যাপক তদন্ত শেষে তাকে ছেড়ে দেওয়া হয়।

দশর্না থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নিকট জানতে চাইলে তিনি বলেন, আমাদের কাছে বিজিবি একটি লেখা নিয়ে এসে তদন্তের সার্থে আবার বিজিবি ক্যাম্পে চলে যায়। এছাড়া আর কিছুই জানি না। রামনগর গ্রামের লোকজন জানান, রেজাউল ইসলাম এর বিরুদ্ধে

ইতোপুর্বে এ ধরনের কোনো অভিযোগ আমরা পায়নি।

দামুড়হুদায় পানিতে ডুবে যুবকের মৃত্যু

দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে বাবু হোসেন (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। মৃত বাবু হোসেন উপজেলা সদরের মালিথা পাড়ার শুকুর আলীর ছেলে।

গতকাল সোমবার দুপুর ১ টার দিকে এই ঘটনা ঘটে।

প্রতিবেশীরা জানায়, বাবু দুপুর ১ টার দিকে বাড়ীর পাশ্ববর্তী মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। গোসল করার সময় সে নদীতে ডুব দিয়ে আর উঠেনি। পরে নদীতে গোসল করতে যাওয়া অন্য লোকজন বাবুকে আশেপাশে না দেখতে পেয়ে তার বাড়ীতে খবর নেয় সে বাড়ীতে গিয়েছে কিনা? বাড়ীতে না আসলে স্থানীয়রা নদীতে খোঁজা খুঁজির এক পর্যায়ে ডুবন্ত অবস্থায় তার মরদেহ উদ্ধার করে। এদিকে তার পরিবারের লোকজন বলছে তার ইপিলেকসি (মৃর্গি) রোগ ছিল। গোসল করার সময় হয়তো সে আক্রান্ত হয়ে ডুবে মারা গেছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দামুড়হুদা মডেল থানার সাব-ইন্সপেক্টর (তদন্ত) হিমেল রানা বলেন, নিহিত বাবু বাকপ্রতিবন্ধী এবং সেই সাথে তার ইপিলেকসি (মৃর্গি) রোগ ছিল। সে কারণে হয়তো পানিতে ডুব দেওয়ার পর আক্রান্ত হয়ে মারা গেছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন!

দর্শনায় কেরুজ ৯টি বাণিজ্যিক খামারে একযোগে আখ রোপন মৌসুমের উদ্বোধন

দর্শনায় কেরুজ চিনিকলের ৯টি বাণিজ্যিক খামারে একযোগে ২০২৫-২৬ আখ রোপন মৌসুমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার ১লা সেপ্টেম্বর দুপুর ১২ টার দিকে আকন্দবাড়িয়া বাণিজ্যিক খামার,ফুরশেদপুর বাণিজ্যিক খামার, আড়িয়া বাণিজ্যিক খামার বেগমপুর বাণিজ্যিক খামার,ঝাঝরি বাণিজ্যিক খামার,ডিহি বাণিজ্যিক খামার, হিজলগাড়ি বাণিজ্যিক খামার,এস টিপি বেড তৈরি করে ২০২৫-২৬রোপন মৌসুমের শুভ উদ্ধোধন করেন।

কেরু চিনিকলের জিএম কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে একযোগে মিলের নিজস্ব জমিতে উদ্ধোধন করেন,কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান,এ সময় তিনি বলেন চিনিশিল্পটিকে টিকিয়ে রাখতে বেশি বেশি আখ লাগাতে হবে।আমরা ইতিমধ্যে চাষীদের জন্য ভালো মানের উন্নত বীজ নিয়ে এসেছি এতে করে চাষীরা লাভবান হয়।এবার আমরা পাবলিক ও কেরু বাণিজ্যিক খামার মিলে ৬ হাজার মেট্রিক টন আখ লক্ষমাত্রা নিয়ে কাজ করছি।

আমরা লক্ষমাত্রা পৃরন করতে পারবো।

তাই আগামী বছর চিনিকলটি বেশি দিন চলবে।এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,ঢাকা সদর দপ্তরের উপব্যবস্থাপক (সিপিসিআর) আনোয়ার হোসেন, মহাব্যাবস্থাপক কারখানা সুমন কুমার, জি এম (প্রশাসন) ওমর আল ফারুক গালিব, ৯ টি (খামার ইনচার্জ) সুমন কুমার সাহা, ডিজিএম (বীজ) মো. দেলওয়ার হোসেন, সিপিও মাহবুবুর রহমান,আখরোপন সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় স্ব স্ব প্লটে মহান আল্লাহর কাছে বিশেষ দোয়া প্রার্থনা করা হয়। চলতি মৌসুমে ৬হাজার একর জমিতে আখ রোপণের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে।

আলমডাঙ্গায় মোবাইলের দোকানে চুরি, চোর গ্রেপ্তার

আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজের সামনে মোবাইল ফোনের দোকানে চুরির ঘটনায় এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। এসময় চুরি হওয়া মালামালের বেশির ভাগ উদ্ধার করা হয়েছে।

পুলিশ জানায়, গত বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার ভোরের মধ্যে অজ্ঞাতনামা চোরেরা টিনের চাল কেটে মো. ফিরোজ আলীর দোকানে প্রবেশ করে। দোকান থেকে ৮টি মোবাইল ফোন, মনিটর, হার্ডডিস্ক, চার্জার, হেডফোন, ব্যাটারি ও নগদ ১৭ হাজার টাকা সহ প্রায় এক লাখ ২০ হাজার টাকার মালামাল নিয়ে যায়।

ঘটনার পর আলমডাঙ্গা থানার ওসি মাসুদুর রহমানের নেতৃত্বে এসআই নুর ইসলাম অভিযান চালান। গত শনিবার গভীর রাতে এরশাদপুর গ্রাম থেকে মো. ইয়ামিন আলী (২০) কে গ্রেপ্তার করে পুলিশ। তার বাড়ি এরশাদপুরেই।

পুলিশ তার বাড়ি থেকে চুরি হওয়া মাইক্রোফোন, কম্পিউটার মনিটর, হার্ডডিস্ক, ২৬টি মোবাইল ব্যাটারি, পাঁচটি চার্জার, পাঁচটি হেডফোন, পাঁচটি মোবাইল ফোনসহ চুরির কাজে ব্যবহৃত সরঞ্জাম উদ্ধার করে।

গ্রেপ্তারকৃত ইয়ামিনকে আজ রবিবার আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

দর্শনার বিভিন্ন সীমান্তে

প্রায় ৫৮ লক্ষ টাকার চোরাচালান পণ্য জব্দ

চুয়াডাঙ্গার দর্শনার বিভিন্ন সীমান্তে ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে প্রায় ৫৮ লক্ষ টাকার পণ্য জব্দ করেছে।

জানা যায়, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) কর্তৃক দায়িত্বপ্রাপ্ত সীমান্ত এলাকায় নিয়মিত টহল ও গোয়েন্দা তৎপরতার অংশ হিসেবে গত ২৭ থেকে ৩১ আগস্ট পর্যন্ত এ অভিযান চালানো হয়।

এ অভিযানে দর্শনা আইসিপি, দর্শনা, সুলতানপুর, বড়বলদিয়া এবং ঠাকুরপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় মাদক ও চোরাচালানবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে একাধিক সফল অভিযান পরিচালিত হয়। এ সময় বিজিবি অবৈধভাবে রক্ষিত চায়না জালসহ বিপুল পরিমাণ চোরাচালান পণ্য জব্দ করে।

জব্দকৃত মালামালের মধ্যে উল্লেখযোগ্য হলো ১৯ বোতল ভারতীয় মদ, ৬৭ বোতল ভারতীয় ফেনসিডিল, ৩ কেজি ভারতীয় গাঁজা, ৩,০০০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, ২১ পিস ভারতীয় শাড়ি, ১২ পিস থ্রি-পিস, ২০২ পিস বিভিন্ন প্রকার ভারতীয় কসমেটিকস, ২০০ পিস চায়না

দুয়ারী জাল, ৫০০ কেজি চায়না কারেন্ট জাল এবং ১৮০ কেজি ভারতীয় পেঁয়াজ। এছাড়াও বিভিন্ন ভারতীয় খাদ্যদ্রব্য উদ্ধার করা হয়। বিজিবি জানায়, এটি সীমান্ত এলাকাকে অবৈধ কর্মকাণ্ডমুক্ত রাখার রাষ্ট্রীয় প্রতিশ্রুতির বাস্তব রূপ। সীমান্তে বিজিবির অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদায় নতুন কুঁড়ি উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি-২০২৫ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, মাধ্যমিক একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা শিল্পকলা একাডেমির সংগীতশিল্পী ওস্তাদ আক্কাস আলী, আজমত আলীসহ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ।

দামুড়হুদায় ইজিবাইক-আলমসাধু সংঘর্ষে মসজিদের মুয়াজ্জিন নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ইজিবাইক-আলমসাধু মুখামুখি সংঘর্ষ ইজিবাইকর যাত্রী বরকত আলি (৫৫) নিহত হয়েছেন। নিহত বরকত আলি দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামের মৃত বুদো মোল্লার ছেলে ও হাতিভাঙ্গা মসজিদের মুয়াজ্জিন ছিলেন।

আজ রোববার (৩১আগস্ট) সকাল ১০টার দিকে উপজেলার মুক্তারপুর মোল্লা বাজার নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

দামুড়হুদা সদর ইউপির ৮ নং ওয়ার্ড সদস্য মুক্তারপুর গ্রামের হাসান আলী জানান, বরকত আলী সকালে কার্পাসডাঙ্গা বাজার থেকে বাজার করে ব্যাটারী চালিত ইজিবাইক যোগে বাড়ী ফিরছিল।

ইজিবাইকটি দামুড়হুদা – কার্পাসডাঙ্গা সড়কের মুক্তারপুর ফেরিঘাট নামক স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুত মাছ বহনকারী স্যালোইঞ্জিন চালিত অবৈধ যান আলমসাধুর সাথে মুখোমুখি ধাক্কা লাগে।

এতে ইজিবাইকটি দুমড়ে মুচড়ে যায়। এময় বরকত আলী সড়কের উপর ছিটকে পড়ে মাথাসহ মুখমন্ডলে আঘাত পেয়ে গুরতর জখম হন এবং ঘটনাস্থলেই মারা যায়।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মতর্তা হুমায়ন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। এখনো কেউ কোন অভিযোগ করেনি অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।